

**শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ উপলক্ষ্যে শিক্ষার্থীদের নিকট থেকে লেখা আহ্বান**

এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের অবগতি এবং অংশগ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নানাবিধ কর্মসূচির আয়োজন করেছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে “বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে ভাষা আন্দোলনের প্রভাব” বিষয়ে শিক্ষার্থীদের নিকট হতে অনধিক ১২০০ শব্দের মধ্যে লেখা আহ্বান করছে। শিক্ষার্থীদেরকে উক্ত বিষয়ে স্বহস্তে লিখিত রচনা আগামী ১৯-০২-২০২২ তারিখ দুপুর ২.০০ টার মধ্যে পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ এর কার্যালয়ে জমা দেওয়ার জন্য বলা হলো। প্রয়োজনে শিক্ষার্থীদের স্বহস্তে লিখিত রচনা স্ক্যান করে (Single PDF File) পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ ইমেইল ([director.saad@tch.hstu.ac.bd](mailto:director.saad@tch.hstu.ac.bd)) এ প্রেরণ করা যাবে।

লেখা প্রেরণ করার সময় পৃথক কভার পেইজ এ নিজের নাম, স্টুডেন্ট আইডি, লেভেল, সেমিস্টার, বিভাগ, অনুষদ এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এ ছাড়া অন্য কোথাও লেখায় নিজের পরিচয় প্রকাশ পায় এরকম তথ্যাদি দেওয়া যাবেনা। অংশগ্রহনকারী শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত লেখা যাচাই-বাছাই করে বিজয়ী ঘোষণা করা হবে এবং ২১-০২-২০২২ খ্রী: সকাল ১১.০০ টায় পুরস্কার প্রদান করা হবে।

ধন্যবাদান্তে

১৩-০২-২০২২

(প্রফেসর ড. ইমরান পারভেজ)

সদস-সচিব, জাতীয় দিবস পালন/উদ্বাপন কমিটি

এবং পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ

হাবিপ্রবি, দিনাজপুর।